এইচএসসি
রসায়ন ২য় পত্র

মোঃ নাজমুস সাকিব
মঈনুল হাসান

10 MINUTE SCHOOL

যৌথ প্রকাশনা
তাম্রলিপি এবং 10 Minute School

এইচএসসি রসায়ন ২য় পত্র
মোঃ নাজমুস সাকিব
মঈনুল হাসান

সম্পাদনা
আয়মান সাদিক

সহযোগী সম্পাদক
আসিফ হোসেন

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারী ২০২২

তাম্রলিপি : ৬০৭

প্রকাশক
এ কে এম তারিকুল ইসলাম রনি
তাম্রলিপি
৩৮/৪ বাংলাবাজার, ঢাকা-১১০০।

প্রচ্ছদ
ইহতিশাম আহমেদ

অলংকরণ
মো. তারিকুজ্জামান তারিক, মো. রিফাত আহমেদ,
ইশতিয়াক আমিন, নওশীন জামান

মুদ্রণ
হাওলাদার প্রেস
কেরানীপাড়া, মাতুয়াইল, ঢাকা-১২০৫।

মূল্য : ২৭০.০০

HSC CHEMISTRY SECOND PAPER POCKET BOOK
by : Md. Nazmus Sakib, Moinul Hasan, Edited by : Ayman Sadiq
First Published : February 2022 by A K M Tariqul Islam Roni
Tamralipi, 38/4, Banglabazar, Dhaka-1100.

Price : 270.00

ISBN :

সূচিপত্র

১ম অধ্যায়	পরিবেশ রসায়ন	০৪
২য় অধ্যায়	জৈব রসায়ন	৩৫
৩য় অধ্যায়	পরিমাণগত রসায়ন	১৫৮
৪র্থ অধ্যায়	তড়িৎ রসায়ন	২০৪
৫ম অধ্যায়	অর্থনৈতিক রসায়ন	২৩৭

১ম অধ্যায়

পরিবেশ রসায়ন

এই চ্যাপ্টারের ব্যাখ্যামূলক ভিডিও
পেতে স্ক্যান করো

https://10ms.io/Pche201

বায়ুমণ্ডল

বায়ুমণ্ডলের চারটি স্তর

- ট্রপোস্ফিয়ার
- স্ট্র্যাটোস্ফিয়ার
- মেসোস্ফিয়ার
- আয়নোস্ফিয়ার

বায়ুমণ্ডলের সংযুক্তি

গ্যাসসমূহ	শতকরা আয়তন
নাইট্রোজেন গ্যাস (N_2)	78.08%
অক্সিজেন (O_2)	20.94%
জলীয় বাষ্প (H_2O)	1-4%
আর্গন (Ar)	0.93%
কার্বন-ডাই-অক্সাইড (CO_2)	0.033%

✓ বায়ুমণ্ডলের প্রায় 97% অবস্থান হলো ভূপৃষ্ঠ থেকে মাত্র 30km এর মধ্যে

✓ বায়ুমণ্ডলের প্রায় 75% গ্যাসীয় মিশ্রণ থাকে 11km পরিসরে

ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস



❖ সমুদ্রের পানির উচ্চ তাপমাত্রা ও নিম্নচাপের কারণে ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়

❖ সাগরের তাপমাত্রা 27^0C / $300K$/ 80^0F হলে ঘূর্ণিঝড় সৃষ্টি হবে

বয়েলের সূত্র

$V \propto \frac{1}{p}$ T এবং n ধ্রুবক

এখানে,

V = আয়তন | T = তাপমাত্রা

P = চাপ | n = মোলসংখ্যা

লেখচিত্র:



অধিবৃত্ত/হাইপারবোলা



মূল বিন্দুগামী



X –অক্ষের সমান্তরাল

এই ধরনের লেখকে আইসোথার্ম/সমোষ্ণ লেখ বলে।

চার্লসের সূত্র

$$V_t = V_0 + \frac{V_0 t}{273}$$

$$V \propto T$$

বা, $V = KT$

এখানে,

$\boldsymbol{V_t} = t^0C$
তাপমাত্রায় আয়তন

$\boldsymbol{V_o} = 0°\text{C}$
তাপমাত্রায় আয়তন

$\boldsymbol{K}$ = ধ্রুবক

$\frac{\boldsymbol{V_o t}}{\boldsymbol{273}}$ = তাপমাত্রায় একক সেলসিয়াস

$\boldsymbol{t}$ = তাপমাত্রা

লেখচিত্র:



মূল বিন্দুগামী



X –অক্ষের সমান্তরাল

এই ধরনের লেখকে সমচাপ/আইসোবার বলে

পরম শূন্য তাপমাত্রা

মান: $-273°C$ বা $0K$ বা $-459°F$

- $-273°C$ তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন পরিমাপ করা যায় না।
- এ তাপমাত্রায় সকল গ্যাসের কণাগুলো স্থির থাকবে ও গ্যাসের **গতিশক্তি** শূন্য থাকবে।
- উইলিয়াম থমসন (লর্ড কেলভিন) পরম তাপমাত্রা স্কেল উদ্ভাবন করেন।



গে-লুসাকের সূত্র

$P \propto T$ V এবং n ধ্রুবক

লেখচিত্র:





এই ধরনের লেখকে সমআয়তন/ আইসোমার বলে।

অ্যাভোগাড্রোর সূত্র

$V \propto n$ বা, $V = Kn$

এখানে,

P এবং T ধ্রুবক

$\boldsymbol{V}$ = আয়তন

$\boldsymbol{n}$ = মোল সংখ্যা

লেখচিত্র:



গ্রাহামের ব্যাপন সূত্র

$$\frac{r_1}{r_2} = \frac{t_2}{t_1} = \sqrt{\frac{d_2}{d_1}} = \sqrt{\frac{M_2}{M_1}}$$

এখানে,

$\boldsymbol{r}$ = আয়তন

$\boldsymbol{t}$ = মোল সংখ্যা

$\boldsymbol{d}$ = গ্যাসের ঘনত্ব

$\boldsymbol{M}$ = মোলার আণবিক ভর

ডাল্টনের আংশিক চাপ সূত্র



Dalton's Law of Partial Pressures

$$P = P_1 + P_2 + \ldots . P_n$$

এখানে,

$\boldsymbol{P_1, P_2}$ = আংশিক চাপ

$\boldsymbol{P}$ = মোট চাপ

বায়ুমণ্ডলে N_2 গ্যাসের আংশিক চাপ 593.4 mm (Hg)

মোলার গ্যাস ধ্রুবক (R)

SI একক	$8.316\ Jmol^{-1}K^{-1}$
CGS একক	$8.316 \times 10^{7} ergmol^{-1}K^{-1}$
L.atm একক	$0.0821\ L\ atm\ mol^{-1}K^{-1}$
ক্যালরি একক	$1.98\ cal\ mol^{-1}K^{-1}$
ইঞ্জিনিয়ারিং একক	$2783.67\ ft.Ibmol^{-1}K^{-1}$

বোল্টজম্যান ধ্রুবক

$$K = \frac{R}{N_A} = \frac{R}{6.02 \times 10^{23}\ mol}$$

এককের নাম	মান	একক
$L - atm$	1.36×10^{-25}	$LatmK^{-1}molecule^{-1}$
CGS	1.38×10^{-16}	$ergK^{-1}molecule^{-1}$
SI	1.38×10^{-23}	$JK^{-1}molecule^{-1}$
Cal	3.296×10^{-24}	$cal\ K^{-1}molecule^{-1}$

গ্যাসের গতির সমীকরণ

$$PV = \frac{1}{3}mnc_{rms}^2$$

এখানে,

$\boldsymbol{P}$ = চাপ

$\boldsymbol{V}$ = আয়তন

$\boldsymbol{m}$ = গ্যাস অণুর ভর

$\boldsymbol{n}$ = গ্যাসের অণুর সংখ্যা

$\boldsymbol{c_{rms}}$ = অণুর গড় বর্গবেগের বর্গমূল

ম্যাক্সওয়েলের গতিবেগ

বর্গমূল গড় বর্গবেগ বা RMS

$$C = \sqrt{\frac{3RT}{M}}$$

গড় গতিবেগ

$$\overline{C} = \sqrt{\frac{8RT}{\pi M}}$$

এখানে,

R = মোলার গ্যাস ধ্রুবক

T = তাপমাত্রা

M = আণবিক ভর

সম্ভাব্যতম বেগ

$$\alpha = \sqrt{\frac{2RT}{M}}$$

সম্পর্ক

$$C_{rms} > \bar{C} > \alpha$$

ক্লোরো ফ্লোরো কার্বন (CFC)

এদের ট্রেড নাম ফ্রিয়ন

এরা অদাহ্য, অবিষাক্ত, অদ্রবণীয়, গন্ধহীন, অত্যন্ত সুস্থিত

ওজোন স্তর ক্ষয় করে

আদর্শ গ্যাসের সমীকরণ

$$PV = nRT$$

P = চাপ

V = আয়তন

n = মোল সংখ্যা

R = মোলার গ্যাস ধ্রুবক

T = তাপমাত্রা

CFC এর সংকেত বের করার নিয়ম

ফ্রিয়ন-114 এর সংকেত নির্ণয়

ফ্রিয়ন-114 এর ক্ষেত্রে 90 যোগ করে $(114 + 90) = 204$

2	0	4
↓	↓	↓
কার্বন সংখ্যা	হাইড্রোজেন সংখ্যা	ফ্লোরিন সংখ্যা

আর বাকিটা ক্লোরিন

ফ্রিয়ন-114 এর সংকেত $C_2F_4Cl_2$

বাস্তব গ্যাস বা ভ্যান্ডারওয়ালস সমীকরণ

$$\left(P + \frac{n^2 a}{V^2}\right)(V - nb) = nRT$$

- বাস্তব গ্যাস এ সমীকরণ মেনে চলে

চাপ সংশোধন ফ্যাক্টর, P_a

- গ্যাসের ঘনত্ব (d) একক আয়তনে গ্যাসের গ্রাম-অণু সংখ্যার $\frac{n}{V}$ এর সমানুপাতিক হয় অর্থাৎ $d \propto \frac{n}{V}$ ।
- $P_a \propto \left(\frac{n}{V}\right)^2$ বা $P_a = \frac{a \times n^2}{V^2}$

আয়তন সংশোধন ফ্যাক্টর, b

- $b = 4N_A \times \frac{4}{3}\pi r^3$

a এর একক $= atmL^2/mol^2$

b এর একক $= L/mol$

$P =$ চাপ

$n =$ মোল সংখ্যা

$a =$ আন্তঃআণবিক আকর্ষণ বল
$b =$ আয়তন সংশোধক ধ্রুবক

গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্য

গ্যাসের গতিপথ সরলরৈখিক

গ্যাস অণুসমূহের মধ্যে পারস্পরিক কোনো আকর্ষণ বা বিকর্ষণ নেই

গ্যাসের অণুগুলোর গড় গতিশক্তি কেলভিন তাপমাত্রার সমানুপাতিক

গ্যাসের মোট আয়তন গ্যাস পাত্রের আয়তনের তুলনায় নগণ্য

ওজোন স্তর

ওজোন ছিদ্র : ওজোন স্তরের পাতলা হওয়ার ঘটনাকে ওজোন স্তরের ক্ষয় বা ওজোন ছিদ্র বলে। ওজোন গহবর বা ওজোন ছিদ্রের মান ডোবসন এককে প্রকাশ করা হয়।

$i) CFC \xrightarrow{UV} Cl\cdot$

$ii) Cl\cdot + O_3 \longrightarrow ClO\cdot + O_2$ & $O_2 \xrightarrow{UV} 2O\cdot$

$iii) ClO\cdot + O\cdot \longrightarrow Cl\cdot + O_2$

$iv) ClO\cdot + O_3 \longrightarrow \cdot ClO_2 + O_2$

ওজোন স্তর ক্ষয়কারী পদার্থ : $\boldsymbol{CFC}$ হলো প্রধান ওজোন স্তর ক্ষয়কারী পদার্থ। এছাড়াও $\boldsymbol{NO, N_2O, CH_4,}$ হ্যালোজেনসমূহ, $\boldsymbol{BCF, CH_3Br, CCl_4}$ ইত্যাদি ওজোন স্তর ধ্বংস করে থাকে।

ওজোন স্তরকে পৃথিবীর প্রাকৃতিক সৌরপর্দা বা ছাতা বলা হয়

ওজোন স্তর ক্ষয়প্রাপ্ত হলে সূর্য থেকে UV রশ্মি পৃথিবীর বুকে ছড়িয়ে পড়বে

গ্রিন হাউজ গ্যাস

গ্রিন হাউজ গ্যাস	পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি হার
CO_2	50% (প্রধান)
CFC	16%
CH_4	19%
N_2O	5%
ওজোন গ্যাস O_3	18%
জলীয় বাষ্প	2%

সারফেস ওয়াটারে বিশুদ্ধতার মানদণ্ড

খরতা	pH	DO
BOD	COD	TDS

খরতা



১.পারমুটিট পদ্ধতি
২. আয়ন বিনিময়
৩. $NaCO_3$ যোগ/$NaOH$ যোগ
৪. পাতন প্রক্রিয়া
৫. অস্থায়ী খরতা ফুটানোর মাধ্যমে দূর করা যায়

পানির pH

পানযোগ্য পানি	6.5 – 8.5 (WHO)
	6.5 – 9.2 (বাংলাদেশ)
জলজ প্রাণী	7 – 7.5
বিশুদ্ধ পানি	7

DO (Dissolved Oxygen)

আদর্শ মান - $4 - 8\ ppm/mgL^{-1}$

মান $2.5\ ppm$ এর নিচে হলে পানি দূষিত হয়

মিথেন (CH_4), H_2S, ফসজিন গ্যাস (PH_3) ও অ্যামিন জাতীয় যৌগ পানির DO এর মান হ্রাস করে।

BOD

মান	পানির অবস্থা
$1-2\ mg/L$	খুবই ভালো
$3\ mg/L$	মোটামুটি ভালো
$6\ mg/L$	WHO এর অনুমোদিত দূষণ মাত্রা
$10\ mg/L$	দূষণ মাত্রা খারাপ
$20\ mg/L$	দূষণ মাত্রা খুবই খারাপ

DO, BOD নির্ণয় করার জন্য উইঙ্কলার আয়োডোমিতি পদ্ধতি ব্যবহার করা হয়

COD

WHO এর অনুমোদিত সর্বোচ্চ মাত্রা $10\ ppm$

পানির নমুনায় BOD অপেক্ষা COD বেশি হয়

পানিতে COD এর মান বৃদ্ধির অর্থ হলো দূষণের হার বৃদ্ধি

TDS

WHO অনুযায়ী

পানি পানযোগ্য $500\ ppm$ এর বেশি

পানি পান অযোগ্য $600 - 900\ ppm$

এসিড বৃষ্টি

এসিড বৃষ্টি সৃষ্টিতে H_2SO_4, HNO_3, H_2SO_3 এর ভূমিকা রয়েছে

বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলে এসিড বৃষ্টি হয়

মার্বেল পাথরের ক্ষয় করে

পানিতে মাছের ডিম হ্যাচিং বাধাপ্রাপ্ত হয়

শিল্পক্ষেত্রে FGD Plant ব্যবহার করে প্রতিরোধ করা যায়

খাদ্যশৃঙ্খলে ভারী ধাতুর প্রভাব

Cd

ইটাই ইটাই বা আউচ আউচ রোগ হয়

প্রোস্টেট ক্যান্সার ও ফুসফুসে ক্যান্সার হয়

কিডনিতে পাথর সৃষ্টি হয়

অস্টিওপোরোসিস রোগ হয়

Ca^{2+} কে Cd^{2+} প্রতিস্থাপন করে

Cr

মানুষের পরিপাকতন্ত্র, শ্বাসতন্ত্র, প্রজননতন্ত্র আক্রান্ত হয়

শরীরে ক্যান্সার সৃষ্টি করে (কারসিনোজেন)

অ্যানিমিয়া বা রক্তশূন্যতা দেখা দেয়

ব্রংকাইটিস / শ্বাসকষ্ট রোগ হয়

Pb

দাঁতের মাড়ি নীল হয়

মৃত সন্তান প্রসব

শিশুদের IQ হ্রাস পায়

রক্তচাপ বৃদ্ধি

হিমোগ্লোবিন উৎপাদনে বাধা

As

গলা, ঘাড় , বুক ও পিঠের চামড়ায় কালচে ধূসর বর্ণের ছোপ দেখা যায়

ব্ল্যাকফুট ডিজিজ দেখা যায়

লিভার সিরোসিস, ফুসফুস ও মূত্রনালিতে ক্যান্সার হয়

WHO কর্তৃক মান - $0.01\ mg/L$

BD কর্তৃক মান $0.05\ mg/L$

নাইট্রোজেন ফিক্সেসন



তোমার আদর্শের অবশ্যই তোমার থেকে উত্তম হতে হবে, সে তোমার থেকে উত্তম না হলে সে তোমার আদর্শ হওয়ার যোগ্যতা রাখে না।

– ফিদেল কাস্ত্রো

২য় অধ্যায়

জৈব রসায়ন

এই চ্যাপ্টারের ব্যাখ্যামূলক ভিডিও
পেতে স্ক্যান করো

https://10ms.io/Pche202

প্রাণশক্তি মতবাদ

1808 সালে সুইডিস বিজ্ঞানী বার্জেলিয়াস সজীব পদার্থ থেকে প্রাপ্ত যৌগসমূহকে জৈব যৌগ এবং নির্জীব পদার্থ থেকে প্রাপ্ত যৌগসমূহকে অজৈব যৌগ নামকরণ করেন।

1815 সালে বিজ্ঞানী বার্জেলিয়াস প্রস্তাব করেন যে, জৈব যৌগসমূহ কেবল উদ্ভিদ ও প্রাণীদেহের এক প্রকার রহস্যময় প্রাণশক্তির প্রভাবে উৎপন্ন হয়ে থাকে। জৈব যৌগ পরীক্ষাগারে তৈরি করা সম্ভব নয়। জৈব যৌগ সম্পর্কে এ মতবাদ বার্জেলিয়াসের **প্রাণশক্তি মতবাদ (Vital force theory)** নামে পরিচিত।

প্রাণশক্তি মতবাদ ভুল প্রমাণ

1828 সালে জার্মান বিজ্ঞানী ফ্রেডরিক ভোলার (**Friedrich Wohler**) অ্যামোনিয়াম সায়ানেট তৈরির উদ্দেশ্যে লেড সায়ানেট ও অ্যামোনিয়াম ক্লোরাইডের মধ্যে বিক্রিয়া করে উৎপন্ন পদার্থকে তাপ প্রয়োগে ঘনীভূত করে লক্ষ করেন উৎপন্ন পদার্থটি মানুষের মূত্র থেকে প্রাপ্ত ইউরিয়া।

বিক্রিয়াটি নিম্নরূপ:

$$2NH_4Cl\ (aq) + Pb(CNO)_2\ (aq) \rightarrow 2NH_4CNO\ (aq) + PbCl_2\ (s)$$

$$NH_4CNO \xrightarrow[\text{পুনর্বিন্যাস বিক্রিয়া}]{\Delta} NH_2CONH_2$$

ইউরিয়া একটি জৈব যৌগ। অ্যামোনিয়াম সায়ানেট (NH_4CNO) লবণকে উত্তপ্ত করে ইউরিয়া প্রস্তুত করে প্রমাণ করেন যে, অজৈব যৌগ থেকে পরীক্ষাগারে জৈব যৌগ তৈরি করা সম্ভব। এ আবিষ্কার থেকে বার্জেলিয়াসের প্রাণশক্তি মতবাদ ভুল প্রমাণিত হয়। এজন্য **বিজ্ঞানী ভোলারকে আধুনিক জৈব রসায়নের জনক** বলা হয়।

জৈব যৌগ

যে সকল যৌগ কার্বন ও হাইড্রোজেন এবং কিছু ক্ষেত্রে কার্বন, হাইড্রোজেনের সাথে অক্সিজেন, নাইট্রোজেন, সালফার ও হ্যালোজেন মৌলের সমন্বয়ে গঠিত তাদেরকে জৈব যৌগ বলে।

যেমনঃ

১. মিথেন (CH_4)

২. মিথাইল ক্লোরাইড (CH_3Cl)

৩. মিথাইল অ্যালকোহল (CH_3OH)

৪. অ্যাসিটিক এসিড (CH_3COOH) প্রভৃতি

হাইড্রোজেন বিহীন জৈব যৌগ

হে হে ফের পাখির কোলে ফ্রেয়ন উঠছে

হে	হেক্সাক্লোর বেনজিন/গ্যামাক্সিন (C_6Cl_6)
হে	হেক্সাক্লোর ইথেন (C_2Cl_6)
ফের	ফসজিন ($COCl_2$)
পাখির	পাইরিন (CCl_4)
কোলে	ক্লোরপিক্রিন
ফ্রেয়ন	ফ্রেয়ন (CCl_2F_2)

জৈব যৌগের প্রাচুর্যতার কারণ

বর্তমানে জৈব যৌগের সংখ্যা **৮০ লক্ষেরও বেশি।** অপরদিকে অজৈব যৌগের সংখ্যা প্রায় **এক লক্ষের মতো।** জৈব যৌগের সংখ্যাধিক্য বা প্রাচুর্যের কারণ তিনটি।

(i) **ক্যাটেনেশন (catenation)**

(ii) **সমাণুতা (isomerism)**

(iii) **পলিমারকরণ (Polymerisation)**

এ তিনটি বৈশিষ্ট্যের মূল কারণ হলো কার্বনের তড়িৎ ঋণাত্মকতার মান 2.5 এবং কার্বন-কার্বন বন্ধনশক্তি $347\ kJ\ mol^{-1}$ ।

ক্যাটেনেশন

কার্বনের অসংখ্য পরমাণু নিজেদের মধ্যে যুক্ত হয়ে ছোট-বড় বিভিন্ন আকার ও আকৃতির দীর্ঘ শিকল বা বলয় গঠন করার ক্ষমতাকে কার্বনের ক্যাটেনেশন বলে।

ফুলারিনস (Fullerines)

ক্যাটেনেশনের একটি বিশেষ উদাহরণ হলো **ফুলারিনস (Fullerines) নামক কার্বনের একটি বিশেষ শ্রেণির রূপভেদ**। এ রূপভেদসমূহের অণুতে $30 - 70$ টি কার্বন পরমাণু সমযোজী বন্ধনে আবদ্ধ থাকে। এসব রূপভেদের যেমন, $C_{32}, C_{50}, C_{60}, C_{70}$ এর নামকরণ হয় ফুলারিনস।

বাকি বল

রূপভেদ C_{60} এর আণবিক গঠন হলো বিখ্যাত স্থপতি **বুক্‌মিনস্টার ফুলার** নির্মিত **'ভূগোলক আকৃতির গম্বুজ'**-এর মতো। তাই রূপভেদ C_{60} কে বুক্‌মিনস্টার ফুলারিন বা 'বাকি বল' বলা হয়।

এ বিশেষ ফুলারিন অণুতে 60টি কার্বন পরমাণু C_{60}, আণবিক ভর 720, sp^2 সংকরিত অবস্থায় পরস্পরের সাথে একক বন্ধন দ্বারা আবদ্ধ যার গঠন আকৃতি **ফুটবল** মতো।

ফুলারিন

কার্বনের সংকরায়ন

বন্ধন গঠনের সময় কার্বন পরমাণু তিন ধরনের সংকর অরবিটাল ($sp^3, sp^2,$ **এবং** sp) গঠন করে। এই তিন প্রকৃতির সংকর অরবিটালের ওপর ভিত্তি করে হাইড্রোকার্বন যৌগসমূহকে **তিনটি শ্রেণিতে ভাগ করা হয়**।

যথাঃ

(১) **অ্যালকেন:** শুধুমাত্র σ –বন্ধন (sp^3 – সংকর অরবিটাল) যুক্ত সম্পৃক্ত (কার্বন-কার্বন একক বন্ধন, $-\overset{|}{\underset{|}{C}}-\overset{|}{\underset{|}{C}}-$ যুক্ত) হাইড্রোকার্বন।

কার্বনের সংকরায়ন

(২) **অ্যালকিন:** একটি σ –বন্ধন ও একটি π – বন্ধন (sp^2- সংকর অরবিটাল) যুক্ত অসম্পৃক্ত (কার্বন - কার্বন দ্বিবন্ধন, $-\overset{|}{C}=\overset{|}{C}-$ যুক্ত) হাইড্রোকার্বন।

(৩) **অ্যালকাইন:** একটি σ **–বন্ধন** ও দুটি π **– বন্ধন** (sp **– সংকর অরবিটাল**) যুক্ত অসম্পৃক্ত (কার্বন–কার্বন ত্রিবন্ধন, $-C\equiv C-$ যুক্ত) হাইড্রোকার্বন ।

জৈব যৌগ ২ প্রকার।

যথাঃ

১. মুক্তশিকল বা অ্যালিফেটিক যৌগ

২. বদ্ধশিকল বা বলয়াকার যৌগ



কার্বোসাইক্লিক যৌগ

অ্যালিসাইক্লিক যৌগ



সাইক্লোপ্রোপেন

অ্যারোমেটিক যৌগ



বেনজিন

হেটারোসাইক্লিক যৌগ

হেটারো অ্যালিসাইক্লিক



ইথিলিন অক্সাইড

হেটারো অ্যারোমেটিক



থায়োফিন

বিভিন্ন অণুতে C এর সংকরায়ন

যৌগের নাম	ইথেন $(CH_3 - CH_3)$
C পরমাণুর সংকরায়ন	sp^3 সংকরায়ন 4টি সংকর অরবিটাল
সংকর অরবিটালে S ও P বৈশিষ্ট্য	$S \rightarrow 25\%$ $P \rightarrow 75\%$
বন্ধন কোণ	$109.5°$
বন্ধন দূরত্ব (nm)	$C - C \Longrightarrow 0.154\ nm$ $C - H \Longrightarrow 0.11\ nm$
জ্যামিতিক গঠন	চতুস্তলকীয়

বিভিন্ন অণুতে C এর সংকরায়ন

যৌগের নাম	ইথিন $(CH_2 = CH_2)$
C পরমাণুর সংকরায়ন	sp^2 সংকরায়ন 3টি সংকর অরবিটাল
সংকর অরবিটালে S ও P বৈশিষ্ট্য	$S \rightarrow 33\%$ $P \rightarrow 67\%$
বন্ধন কোণ	$120°$
বন্ধন দূরত্ব (nm)	$(C = C) \Longrightarrow 0.134\ nm$ $(C - H) \Longrightarrow 0.109\ nm$
জ্যামিতিক গঠন	সমতলীয় ত্রিভুজাকার

বিভিন্ন অণুতে C এর সংকরায়ন

যৌগের নাম	ইথাইন $(CH \equiv CH)$
C পরমাণুর সংকরায়ন	sp সংকরায়ন 2টি সংকর অরবিটাল
সংকর অরবিটালে S ও P বৈশিষ্ট্য	$S \rightarrow 50\%$ $P \rightarrow 50\%$
বন্ধন কোণ	$180°$
বন্ধন দূরত্ব (nm)	$C \equiv C \Rightarrow 0.120\ nm$ $C - H \Rightarrow 0.106\ nm$
জ্যামিতিক গঠন	সরলরৈখিক

সমগোত্রীয় শ্রেণী	সাধারণ সংকেত	সমগোত্রীয় শ্রেণীর সদস্য
১. অ্যালকেন	C_nH_{2n+2}	CH_4 C_2H_6 C_3H_8
২. অ্যালকিন	C_nH_{2n}	C_2H_4 C_3H_6 C_4H_8
৩. অ্যালকাইন	C_nH_{2n-2}	C_2H_2 C_3H_4 C_4H_6

সমগোত্রীয় শ্রেণী	সাধারণ সংকেত	সমগোত্রীয় শ্রেণীর সদস্য
৪. অ্যালকোহল	$C_nH_{2n+1}OH$	CH_3OH C_2H_5OH C_3H_7OH
৫. অ্যালডিহাইড	$C_nH_{2n+1}CHO$	CH_3CHO C_2H_5CHO
৬. কার্বোক্সিলিক এসিড	$C_nH_{2n+1}COOH$	CH_3COOH C_2H_5COOH
৭. অ্যামিন	$C_nH_{2n+1}NH_2$	CH_3NH_2 $C_2H_5NH_2$

Degree of Carbon

জৈব যৌগে উপস্থিত কার্বন পরমাণুকে প্রাইমারি, সেকেন্ডারি, টারসিয়ারি ও কোয়াটারনারি বা $1°, 2°, 3°, 4°$ কার্বন হিসেবে চিহ্নিত করা হয়।

যে কার্বন পরমাণু সর্বোচ্চ একটি কার্বন পরমাণুর সাথে থাকে তাকে প্রাইমারি $(1°)$ কার্বন পরমাণু বলা হয়।

যে কার্বন পরমাণু দুটি কার্বন পরমাণুর সাথে যুক্ত থাকে তাকে সেকেন্ডারি $(2°)$ কার্বন বলা হয়।

একইভাবে তিনটি ও চারটি কার্বন পরমাণুর সাথে যুক্ত কার্বন পরমাণুগুলোকে যথাক্রমে টারসিয়ারি $(3°)$ ও কোয়াটারনারি $(4°)$ কার্বন পরমাণু বলা হয়।


CH_3
CH_3
1 CH_3
2 C
3 CH_2
4 CH
5 CH_2
6 CH_3
CH_3
কোয়াটারনারি (4°) কার্বন
টারসিয়ারি (3°) কার্বন
সেকেন্ডারি (2°) কার্বন
প্রাইমারি (1°) কার্বন

কার্যকরী মূলক সম্পর্কিত একটি চার্ট

অগ্রগণ্য নির্দেশক তীর চিহ্ন	সমগোত্রীয় শ্রেণির নাম	কার্যকরী মূলক	Prefix নামের পূর্ব পদ	Suffix নামের পর পদ
	১। কার্বো-স্লিলিক অ্যাসিড	$-COOH$		ওয়িক এসিড
	২। সালফোনিক এসিড	$-SO_3H$		সালফোনিক এসিড
	৩। এসিড হ্যালাইড	$-COX$		ওয়িল এসিড
	৪। এসিড অ্যামাইড	$-CONH_2$	অ্যামিডো	অ্যামাইড
	৫। নাইট্রাইল বা সায়ানাইড	$-CN$	সায়ানো	নাইট্রাইল
	৬। অ্যালডিহাইড	$-CHO$	অ্যালকা নোয়িল	অ্যাল
	৭। কিটোন	$-CO-$	অক্সো	ওন
	৮। অ্যালকোহল	$-OH$	হাইড্রক্সি	অল
	৯। থায়োল	$-SH$	মারক্যাপটো	থায়োল
	১০। অ্যামিন	$-NH_2$	অ্যামিনো	অ্যামিন

অগ্রগণ্য নির্দেশক তীর চিহ্ন	সমগোত্রীয় শ্রেনীর নাম	কার্যকারী মূলক	Prefix নামের পূর্ব পদ	Suffix নামের পর পদ
	১১। অ্যালকিন	$-\underset{\vert}{C}=\underset{\vert}{C}-$		ইন
	১২। অ্যালকাইন	$-C\equiv C-$		আইন
	১৩। অ্যালকেন	$-\underset{\vert}{\overset{\vert}{C}}-\underset{\vert}{\overset{\vert}{C}}-$		এন
	১৪। ইথার	$-O-$	অ্যালকোক্সি	
	১৫। হ্যালাইডস	$-F, -Cl, -Br, -I$	ফ্লোরো, ক্লোরো, ব্রোমো, আয়োডো	
	১৬। নাইট্রো যৌগ	$-NO_2$	নাইট্রো	
	১৭। অ্যালকাইল মূলক	$-R$	অ্যালকাইল	

সমাণুতা

যে সব জৈব যৌগের আণবিক সংকেত এক ও অভিন্ন হওয়া সত্ত্বেও এদের গাঠনিক সংকেতের ভিন্নতার কারণে এবং অণুস্থিত পরমাণুসমূহের ত্রিমাত্রিক বিন্যাসের ভিন্নতার কারণে এদের ভৌত ও রাসায়নিক ধর্মে অন্তত দু-একটা পার্থক্য প্রকাশ পায়, সে সব যৌগকে সমাণু বলে এবং যৌগের এরূপ ধর্মকে **সমাণুতা (Isomerism)** বলা হয়।

সমাণুতা প্রধানত দুই প্রকার।

১. গাঠনিক সমাণুতা

২. স্টেরিও সমাণুতা

গাঠনিক সমাণুতা ৫ প্রকার।

- চেইন সমাণুতা
- অবস্থান সমাণুতা
- কার্যকরী মূলক সমাণুতা
- মেটামারিজম
- টটোমারিজম

স্টেরিও সমাণুতা ২ প্রকার।

- সিস-ট্রান্স সমাণুতা
- আলোক সমাণুতা

গাঠনিক সমাণুতা

চেইন সমাণুতা

$CH_3CH_2CH_2CH_3$

বিউটেন

$$CH_3 - \underset{\displaystyle CH_3}{\underset{|}{CH}} - CH_3$$

2-মিথাইল প্রোপেন

অবস্থান সমাণুতা

$CH_3CH_2CH_2OH$

প্রোপেনল-1

$$CH_3 - \underset{\displaystyle OH}{\underset{|}{CH}} - CH_3$$

প্রোপেনল-2

কার্যকরীমূলক সমাণুতা

CH_3CH_2OH
ইথানল

CH_3OCH_3
ডাইমিথাইল ইথার

মেটামারিজম

$CH_3-O-C_3H_7$
ইথাইল মিথাইল ইথার

$C_2H_5-O-C_2H_5$
ডাইমিথাইল ইথার

টটোমারিজম

প্রোপেনানের কিটো ও ইনল গঠন

$$CH_3-\overset{\overset{O}{\|}}{C}-CH_3 \rightleftharpoons CH_3-\overset{\overset{OH}{|}}{C}-CH_3$$

স্টেরিও সমাণুতা

জ্যামিতিক সমাণুতা



সিস বিউটিন-2



ট্রান্স বিউটিন-2

আলোক সমাণুতা



সিস ও ট্রান্স সমাণুর মধ্যে পার্থক্য

সিস সমাণু	ট্রান্স সমাণু
১। ঘূর্ণন প্রতিবন্ধকতা সম্পন্ন কার্বন-কার্বন বন্ধনের একই পাশে দুটি বড় গ্রুপ অবস্থান করে।	১। ঘূর্ণন প্রতিবন্ধকতা সম্পন্ন কার্বন-কার্বন বন্ধনের বিপরীত পাশে দুটি বড় গ্রুপ অবস্থান করে।
২। এদের স্টেরিক ভিড় বেশি।	২। এদের স্টেরিক ভিড় কম।
৩। এদের স্থায়িত্ব কম।	৩। এদের স্থায়িত্ব বেশি।
৪। এদের গলনাঙ্ক কম।	৪। এদের গলনাঙ্ক বেশি।

সিস সমাণু	ট্রান্স সমাণু
৫। পানিতে এদের দ্রাব্যতা বেশি।	৫। পানিতে এদের দ্রাব্যতা কম।
৬। এদের অভ্যন্তীরণ শক্তি বা বিভব শক্তি বেশি।	৬। এদের অভ্যন্তীরণ শক্তি বা বিভব শক্তি কম।
৭। এদের প্রতিসরাঙ্ক উচ্চ।	৭। এদের প্রতিসরাঙ্ক নিম্ন।
৮। এদের দ্বিমেরু ভ্রামক বেশি।	৮। এদের দ্বিমেরু ভ্রামক কম।

কতিপয় অ্যালকেনের সমাণুর সংখ্যা

অস্থির টেকনিক $\longrightarrow (2^{n-4}+1)$

কার্বন সংখ্যা, n	যৌগের নাম	সমাণু সংখ্যা
৪	বিউটেন	২
৫	পেনটেন	৩
৬	হেক্সেন	৫
৭	হেপ্টেন	৯
৮	অকটেন	১৮
৯	নোনেন	৩৫
১০	ডেকেন	৭৫

এনানসিওমারিজম (Enantiomerism)

একই যৌগের দুটি আলোক সক্রিয় সমাণুকে এনানসিওমর্ফ (Enantiomorphs) বা এনানসিওমার (Enantiomer) বলা হয়। এদেরকে অ্যান্টিপড (antipods) বা অ্যান্টিমার (antimers) ও বলা হয়।

এনানসিওমারের বৈশিষ্ট্য:

i) এরা (**এনানসিওমার যুগল**) পরস্পর দর্পণ প্রতিবিম্ব।

ii) এদের কমপক্ষে একটি করে **কাইরাইল কার্বন** থাকে।

iii) যুগলদ্বয় পরস্পর সমান কোণে কিন্তু বিপরীত দিকে সমতলীয় এক রঙের আলোর তলকে ঘুরিয়ে দিতে সক্ষম হয়।

মেসো যৌগ

কোনো পদার্থের অণুর দুইঅংশের গঠনের অনুরূপতার কারণে একাংশ অপরাংশের অউপরিস্থানীয় প্রতিবিম্বর মতো আচরণ করলে একাংশ কর্তৃক তল সমাবর্তিত আলোর তলের আবর্তন মাত্রা অপর অংশের আবর্তন মাত্রাকে প্রশমিত করে দেয়। ফলে এ ধরনের অণু আলোক নিষ্ক্রিয় হয়। একে মেসো যৌগ বলা হয়। যেমন: **টারটারিক এসিড** একটি মেসো যৌগ।



(টারটারিক এসিড)

মেসো যৌগের অণুস্থ অংশদ্বয়কে পরস্পর থেকে পৃথক করা যায় না।

ডায়াস্টেরিওমার

দুটি অসদৃশ্য অপ্রতিসম (কাইরাল) কার্বনযুক্ত দুটি আলোক সক্রিয় যৌগ যদি পরস্পরের দর্পণ প্রতিবিম্বের মতো আচরণ না করে তবে তাদেরকে পরস্পরের ডায়াস্টেরিওমার বলে।

যেমন: 3-ক্লোরোবিউটানল-2 অণুতে ২টি অসদৃশ কাইরাল কার্বন থাকায় ৪টি আলোক সক্রিয় সমাণু আছে। এর মধ্যে নিম্নের দুটো সমাণু পরস্পরের দর্পণ প্রতিবিম্ব নয়, তাই এরা ডায়াস্টেরিওমার।





জৈব যৌগে স্টেরিও সমাণুর সংখ্যা

একটি জৈব যৌগে স্টেরিও সমাণুর সংখ্যা $= 2^n$, এখানে $n =$ যৌগে কাইরাইল বা অপ্রতিসম কার্বনের সংখ্যা।

উদাহরণ: গ্লুকোজের আণবিক সংকেত হলো $C_6H_{12}O_6$ এবং এর গাঠনিক সংকেতে দেখা যায় গ্লুকোজ অণুতে কাইরাল কার্বনের সংখ্যা 4। অতএব গ্লুকোজ যৌগে সমাণুর সংখ্যা 2^4 বা 16।

জৈব বিক্রিয়ার কলাকৌশল

জৈব বিক্রিয়ার মূল কৌশল হলো কার্বন গঠিত যৌগ বা জৈব যৌগের ওপর দ্বিতীয় কোনো পদার্থ আক্রমণ করে জৈব বিক্রিয়া সংঘটিত করে থাকে।

প্রথমোক্ত কার্বন গঠিত যৌগকে 'সাবস্ট্রেট' (substrate-অর্থাৎ নিচে অবস্থানকারী) এবং শেষোক্ত পদার্থকে 'আক্রমণকারী বিকারক' (attacking reagent) বলে এবং এদের বিক্রিয়ায় উৎপন্ন পদার্থকে 'উৎপাদ' (product) বলে।

অতএব কোনো জৈব বিক্রিয়াকে সাধারণভাবে নিম্ন মতে প্রকাশ করা হয়:

আক্রমণকারী বিকারক + সাবস্ট্রেট → উৎপাদ

যেমন, $X + Y - Z \rightarrow X - Y + Z$

আক্রমণকারী বিকারকের শ্রেণিবিভাগ

আক্রমণকারী বিকারক তিন শ্রেণিভুক্ত হতে পারে।

(১) মুক্তমূলক বা ফ্রি-রেডিকেল (free radical)

(২) ইলেকট্রোফাইল (electrophile)

(৩) নিউক্লিওফাইল (nucleophile)

ফ্রি রেডিকেল

সমযোজী সিগমা বন্ধনের সুষম বিভাজনের ফলে সৃষ্ট বিজোড় (odd) ইলেকট্রন সংবলিত কোনো পরমাণু বা মূলককে মুক্ত পরমাণু জোট বা ফ্রি রেডিকেল (free radical) বলে।

উৎপত্তি: তাপ অথবা আলো থেকে সরবরাহ করা শক্তি দ্বারা বন্ধন ভাঙে ও ফ্রি রেডিকেল উৎপন্ন হয়।

$$Cl : Cl \xrightarrow{h\nu} 2Cl \cdot$$

প্রোপেন থেকে দুটি ফ্রি-রেডিকেল যেমন, ইথাইল $(\cdot C_2H_5)$ ও মিথাইল $(\cdot CH_3)$ রেডিকেল উৎপন্ন হয়।

অ্যালকাইল ফ্রি রেডিকেলসমূহের স্থায়িত্বের ক্রম হলো:

$$R_3C \cdot > R_2CH \cdot > RCH_2 \cdot > \cdot CH_3$$

ফ্রি রেডিকেলের সক্রিয়তার ক্রম হলো–

$$CH_3 \cdot > RCH_2 \cdot > R_2CH \cdot > R_3C \cdot$$

ফ্রি রেডিকেলের বৈশিষ্ট্য

১. ফ্রি রেডিকেলের কোনো আধান বা চার্জ থাকে না কেননা এদের ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান।

২. এরা অত্যন্ত ক্ষণস্থায়ী

৩. এরা খুবই সক্রিয়

৪. এরা বিক্রিয়ায় অন্তর্বর্তী প্রজাতি হিসাবে কাজ করে।

কার্বোক্যাটায়ন বা কার্বোনিয়াম আয়ন

জৈব অণুর সমযোজী বন্ধনের বিষম বিভাজনের ফলে সৃষ্ট ধনাত্মক আধানযুক্ত কার্বন পরমাণু বিশিষ্ট আয়নকে **কার্বোক্যাটায়ন (carbocation) বা কার্বোনিয়াম আয়ন (carbonium ion)** বলে।

কার্বোনিয়াম আয়নসমূহের স্থায়িত্বের ক্রম হলো:

$$\overset{\oplus}{C}R_3 > \overset{\oplus}{C}HR_2 > \overset{\oplus}{C}H_2R > \overset{\oplus}{C}H_3$$
$$(3^\circ) \quad (2^\circ) \quad (1^\circ)$$

সক্রিয়তার ক্রম:

$$\overset{\oplus}{C}R_3 < \overset{\oplus}{C}HR_2 < \overset{\oplus}{C}H_2R < \overset{\oplus}{C}H_3$$
$$(3^\circ) \quad (2^\circ) \quad (1^\circ)$$

কার্বনায়ন

কোনো জৈব পদার্থের অনুতে সমযোজী বন্ধনের বিষম ভাঙনের ফলে সৃষ্ট ঋণাত্মক চার্জযুক্ত কার্বন পরমাণুবিশিষ্ট আয়নকে কার্বনায়ন বলে।

কার্বনায়নের স্থায়িত্বের ক্রম:

$$\overset{\ominus}{C}H_3 > \underset{(1^\circ)}{\overset{\ominus}{C}H_2R} > \underset{(2^\circ)}{\overset{\ominus}{C}HR_2} > \underset{(3^\circ)}{\overset{\ominus}{C}R_3}$$

বৈশিষ্ট্য:

কার্বোক্যাটায়ন এবং কার্বনায়ন উভয় আয়নই

১. অধিক সক্রিয়

২. স্বল্পায়ু (short lived)

৩. বিক্রিয়ায় অন্তর্বর্তী প্রজাতি (Intermediate) হিসেবে অবস্থান করে।

ইলেকট্রোফাইল

- ইলেকট্রোফিলিক বলতে ইলেকট্রনপ্রীতি বা ইলেকট্রনের প্রতি আকর্ষণকে বোঝায়।
- সংযোজন বিক্রিয়ায় যে সকল মূলকের ইলেকট্রন প্রীতি আছে তাদেরকে ইলেকট্রোফাইল বলা হয়।
- ইলেকট্রোফাইল প্রধানত ধনাত্মক আয়ন বা ক্যাটায়ন হয়ে থাকে।

এরা দুই প্রকার

- **ধনাত্মক ইলেকট্রোফাইল:**

$H^+,\ H_3O^+,\ NO_2^+,\ Br^+,\ R_3C^+$

- **প্রশম ইলেকট্রোফাইল:**

$SO_3, AlCl_3, FeCl_3$

কেন্দ্রাকর্ষী বিকারক বা নিউক্লিয়োফাইল
(Nucleophilic reagent or nucleophile)

যে সকল বিকারক বিক্রিয়াকালে ধনাত্মক কেন্দ্র বা নিউক্লিয়াসের প্রতি আকৃষ্ট হয় এবং ইলেকট্রন দান করতে পারে তাদেরকে কেন্দ্রকর্ষী বিকারক বা নিউক্লিওফাইল বলে ।

এ বিকারকও দুইধরনের হয়।

১. ঋণাত্মক আধানযুক্ত নিউক্লিওফাইল:

কার্বনায়ন: $R - \overset{\ominus}{C}H_2$

হ্যালাইড আয়ন: X^-: F^-, Cl^-, Br^-, I^-

সায়ানাইড আয়ন: CN^- , **অ্যালকক্সাইড :** RO^-

২. প্রশম নিউক্লিওফাইল:

$\ddot{N}H_3$, $H_2\ddot{O}$: , $R\ddot{\underset{..}{O}}H$

S_N1 বিক্রিয়া

একটি মাত্র বিক্রিয়কের ঘনমাত্রার ওপর কোনো নিউক্লিওফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ার গতি নির্ভরশীল হলে এরূপ বিক্রিয়াকে এক আণবিক নিউক্লিওফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া বা S_N1 বিক্রিয়া বলা হয়।

S_N1 বিক্রিয়ার বৈশিষ্ট্য:

১। এ জাতীয় নিউক্লিওফিলিক প্রতিস্থাপন দুই ধাপে ঘটে।

২। 3°- অ্যালকাইল হ্যালাইডের ক্ষেত্রে S_N1 বিক্রিয়া সহজে ঘটে।

৩। পোলার দ্রাবকে S_N1 সহজে ঘটে।

৪। বিক্রিয়াটি প্রথম ক্রম বিক্রিয়া।

৫। কার্বোক্যাটায়নের সৃষ্টি হয়।

৬। অবস্থান্তর অবস্থার সৃষ্টি হয় না।

৭। জ্যামিতিক গঠন অপরিবর্তিত থাকে।

৮। অ্যালকাইল হ্যালাইডের S_N1 বিক্রিয়ার সক্রিয়তার ক্রম-

$$3^\circ RX > 2^\circ RX > 1^\circ RX > CH_3 - X$$

Step 1



Substrate

A carbocation

Step 2



Product

S_N2 বিক্রিয়া

এক অণু বিক্রিয়ক যেমন RX ও এক অণু নিউক্লিওফাইল (OH^-) এর সংঘর্ষের ফলে যে প্রতিস্থাপন বিক্রিয়া ঘটে তাদেরকে দ্বিআণবিক নিউক্লিওফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া বা S_N2 বিক্রিয়া বলা হয়।

S_N2 বিক্রিয়ার বৈশিষ্ট্য:

১। এ জাতীয় বিক্রিয়া এক ধাপেই সম্পন্ন হয়।

২। 1° অ্যালকাইল হ্যালাইডের ক্ষেত্রে S_N2 বিক্রিয়া সহজে ঘটে।

৩। বিক্রিয়ার গতিবেগ হ্যালোজেনো অ্যালকেন ও নিউক্লিওফিলিক বিকারক উভয়ের ঘনমাত্রার ওপর নির্ভরশীল।

৪। বিক্রিয়াটি দ্বিতীয় ক্রম।

৫। কোনোরূপ কার্বোক্যাটায়নের বা অ্যানায়নের সৃষ্টি হয় না।

৬। অবস্থান্তর জটিল অবস্থার সৃষ্টি হয়।

৭। জ্যামিতিক গঠন সম্পূর্ণ বিপরীত হয়ে যায়।

৮। অ্যালকাইল হ্যালাইডের S_N2 বিক্রিয়ার সক্রিয়তার ক্রম:

$$CH_2X > 1^\circ RX > 2^\circ RX > 3^\circ RX$$



ওয়ালডেন ইনভারশন (Walden inversion)

S_N2 বিক্রিয়ার শেষ ধাপে উৎপাদ অণুর কনফিগারেশনটি C পরমাণুর সাথে যুক্ত এটা অন্য তিনটি পরমাণু বা মূলক ঝড়ে উল্টানো ছাতার মতো উল্টে গিয়ে নতুন ত্রিমাত্রিক গঠন লাভ করে। এরূপে যৌগের ত্রিমাত্রিক কাঠামো পরিবর্তনকে বিজ্ঞানী পল ওয়ালডেনের নামানুসারে ওয়ালডেন ইনভারশন (Walden inversion) বলে।



অপসারণ বিক্রিয়া (Elimination Reaction)

এই বিক্রিয়াটি সংযোজন বিক্রিয়ার বিপরীত।

এ বিক্রিয়ায় সম্পৃক্ত জৈব যৌগ অসম্পৃক্ত যৌগে পরিণত হয়।

এক্ষেত্রে কার্বন-কার্বন দ্বিবন্ধন বা ত্রিবন্ধন সৃষ্টি হয়।

এ অপসারণ বিক্রিয়াটি ক্ষারের অ্যালকোহলীয় দ্রবণে হ্যালোজেনো অ্যালকেন ($\mathbf{R-CH_2-CH_2Br}$) এবং গাঢ় $\mathbf{H_2SO_4}$ এর উপস্থিতিতে অ্যালকোহল ($\mathbf{R-CH_2-CH_2OH}$) এর বেলায় যথাক্রমে $\mathbf{HX}$ ও $\mathbf{H_2O}$ এর সৃষ্টির মাধ্যমে ঘটে। এটি দুই ধরনের ঘটে থাকে।

ইলেকট্রোফিলিক ও নিউক্লিওফিলিক ২ ধরনের হয়।

ইলেকট্রোফিলিক অপসারণ

অ্যালকোহল থেকে গাঢ় H_2SO_4 এর সাহায্যে পানি অপসারণ। এক্ষেত্রে প্রথমে কার্বোনিয়াম আয়ন সৃষ্টি হয়।

নিউক্লিওফিলিক অপসারণ

অ্যালকোহলীয় ক্ষারের সাহায্যে হ্যালোজেনো অ্যালকেন থেকে HX অপসারণের ক্ষেত্রে প্রথমে ক্ষারের আক্রমণে $\beta-$প্রোটন অপসারিত হয়ে কার্বনায়ন সৃষ্টি হয়। পরে হ্যালোজেন পরমাণু হ্যালাইড আয়ন (X^-) রূপে মুক্ত হয়। এরূপ বিক্রিয়াকে $\beta-$ অপসারণ বিক্রিয়া বলে। বেনজিন বলয়ে অপসারণ বিক্রিয়া ঘটে না।

সাইজেফ নীতি

এ নীতি অনুসারে হ্যালোজেনো অ্যালকেনের হ্যালোজেন যুক্ত কার্বনের সন্নিহিত যে $\beta-$ কার্বন পরমাণুতে কম সংখ্যক হাইড্রোজেন থাকে প্রধানত তা থেকে হাইড্রোজেন এবং পাশের কার্বনের হ্যালোজেন যুক্ত হয়ে **HX** গঠন করে তা অপসারিত হয় এবং অ্যালকিন উৎপন্ন করে।

$$\overset{\beta}{2CH_3}-\overset{\alpha}{CHBr}-\overset{\beta}{CH_2}-\overset{\gamma}{CH_3} + 2KOH(alc)$$

$$\xrightarrow{\text{তাপ}}$$

$$\overset{1}{CH_2}=\overset{2}{CH}-\overset{3}{CH_2}-\overset{4}{CH_3} + \overset{1}{CH_3}-\overset{2}{CH}=\overset{3}{CH}-\overset{4}{CH_3}$$

(বিউট-1 ইন) 20% + (বিউট-2 ইন) 80%

বিক্রিয়ার হার প্রবর্ধক ও হার নিষ্ক্রিয়ক

হার প্রবর্ধক: অর্থো, প্যারা নির্দেশক (অ্যারোমেটিক বলয় সক্রিয়কারী)	হার নিষ্ক্রিয়ক: মেটা নির্দেশক (অ্যারোমেটিক বলয় নিষ্ক্রিয়কারী)
(১) শক্তিশালী: $-NH_2$, $-NR_2$,$-OH$,$-NHR$	(১) শক্তিশালী: $-NO_2$, $-NR_3$,$-CF$,$-CCl_3$
(২) সাধারণ: $-OCH_3$, $-OC_2H_5$, $-NHCOCH_3$	(২) সাধারণ : $-COOH$, $-COOR$,$-SO_3H$, $-CHO$,$-COR$
(৩) দুর্বল: $-CH_3$, $-C_2H_5$,$-C_6H_5$	(৩) দুর্বল: $-F$,$-Cl$, $-Br$, $-I$ (হার নিষ্ক্রিয়ক কিন্তু অর্থো-প্যারা নির্দেশক)

অ্যালকেনের প্রস্তুতি বিক্রিয়া



অ্যালকেনের প্রস্তুতি বিক্রিয়া



অ্যালকেন চার প্রকার বিক্রিয়া দেয়।

Tricks: প্রীত আর তপন সমান।

প্রীত	→	১. প্রতিস্থাপন
আর	→	২. অ্যারোমেটিকরণ
তপন	→	৩. তাপীয় বিক্রিয়া
সমান	→	৪. সমাণুকরণ

অ্যালকেনের সাধারণ বিক্রিয়া

1. $CH_4 + HNO_3 \longrightarrow CH_3 - NO_2 + H_2O$

প্রতিস্থাপন

2. $CH_4 \xrightarrow{\Delta} C + H_2$

তাপীয় বিয়োজন

3. $CH_4 + 2O_2 \longrightarrow CO_2 + 2H_2O$

দহন

4. n-হেক্সেন $\xrightarrow[Al_2O_3, Pt]{500^\circ C, 40\ atm}$ C_6H_6

অ্যারোমেটিকরণ

অ্যালকিনের প্রস্তুতি



অ্যালকিনের সাধারণ বিক্রিয়া



অ্যালকিনের সাধারণ বিক্রিয়া



অ্যালকাইনের প্রস্তুতি



অ্যালকাইনের সাধারণ বিক্রিয়া



অ্যালকাইনের সাধারণ বিক্রিয়া



অ্যালকাইল হ্যালাইড প্রস্তুতি



অ্যালকাইল হ্যালাইডের বিক্রিয়া



অ্যালকাইল হ্যালাইডের বিক্রিয়া



গ্রিগনার্ড বিকারকের বিক্রিয়াসমূহ



অ্যালকোহলের প্রস্তুতি বিক্রিয়া

1) $CH_3COOH \xrightarrow{LiAlH_4} CH_3CH_2 - OH$

2) $CH_3COX \xrightarrow{LiAlH_4} CH_3CH_2 - OH$

3) $CH_3CHO \xrightarrow{Pt} CH_3CH_2 - OH$

4) $CH_3COOH \xrightarrow{Ni, Pt, H_2} CH_3CH_2 - OH$

অ্যালকোহল প্রস্তুতি বিক্রিয়া

5) $HCHO \xrightarrow{CH_3MgCl + H_2O} CH_3CH_2 - OH$

(6) $CH_3CHO \xrightarrow{CH_3MgBr + H_2O}$



(2° Alcohol)

(7) $CH_3COCH_3 \xrightarrow{CH_3MgI + H_2O}$



(3° Alcohol)

(8) $CH_3CH_2OH \xrightarrow{H_2SO_4/H_3PO_4/Al_2O_3}$



(9) $CH_2 = CH_2 \xrightarrow{H_3PO_4 + H_2O} CH_3CH_2 - OH$

অ্যালকোহলের শনাক্তকরণ বিক্রিয়া



অ্যালকোহলের বিক্রিয়ায় জারক-বিজারকের খেলা



Alcohol এর পার্থক্যকরণ (লুকাস বিকারকের সাহায্যে)

1°, 2°, 3° Alcohol এর :

3°, 2°, 1° → 321

এর বিক্রিয়াগুলো হয় মূলত Room tempature এ অর্থাৎ 25°C তাপমাত্রায়

কক্ষ তাপমাত্রায় লুকাস বিকারকের সঙ্গে কোনো বিক্রিয়া করে না, তবে temperature অনেক দিলে এক পর্যায়ে, বিক্রিয়া হবে। এক্ষেত্রে অনেক সময় লাগে।

কক্ষ তাপমাত্রায় লুকাস বিকারকের সঙ্গে বিক্রিয়া করতে 5-10 min সময় লাগে।

কক্ষ তাপমাত্রায় লুকাস বিকারকের সঙ্গে তৎক্ষণাৎ বিক্রিয়া করে।

* লুকাস বিকারক → ($ZnCl_2$ + $Conc.\ HCl$) এর মিশ্রণ

($ZnCl_2$ = জিংক ক্লোরাইড, $Conc.\ HCl$ = গাঢ় HCl)

অ্যালডিহাইডের সাধারণ বিক্রিয়া



অ্যালডিহাইডের সাধারণ বিক্রিয়া



অ্যালডিহাইডের সাধারণ বিক্রিয়া



কিটোনের সাধারণ বিক্রিয়া



কিটোনের সাধারণ বিক্রিয়া



কিটোনের সাধারণ বিক্রিয়া



ইথানোয়িক এসিডের বিক্রিয়া



ইথানোয়িক এসিডের বিক্রিয়া



এসিড ক্লোরাইডের বিক্রিয়া



এসিড ক্লোরাইডের বিক্রিয়া



সায়ানাইড বা নাইট্রাইলের বিক্রিয়া



বেনজিন প্রস্তুতির বিক্রিয়া



বেনজিন প্রস্তুতির বিক্রিয়া



বেনজিন প্রস্তুতির বিক্রিয়া



বেনজিন প্রস্তুতির বিক্রিয়া



টলুইন প্রস্তুতির বিক্রিয়া



টলুইন প্রস্তুতির বিক্রিয়া



ফেনলের রাসায়নিক বিক্রিয়া



ফেনলের রাসায়নিক বিক্রিয়া



ফেনলের রাসায়নিক বিক্রিয়া



ফেনলের রাসায়নিক বিক্রিয়া



বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড লবণের রাসায়নিক বিক্রিয়া



বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড লবণের রাসায়নিক বিক্রিয়া



কাপলিং বিক্রিয়া

পলিমারের বৈশিষ্ট্য

১. পলিমারের ঘনত্ব ধাতব পদার্থের তুলনায় অনেক কম। তাই পলিমারের তৈরি দ্রব্য হালকা হয়।

২. এরা তাপ ও বিদ্যুৎ অপরিবাহী।

৩. সাধারণত পানিতে অদ্রবণীয় কিন্তু জৈব দ্রাবকে দ্রবণীয়।

৪. এরা বর্ণহীন, স্বচ্ছ বা অস্বচ্ছও হতে পারে।

৫. এদের সুনির্দিষ্ট কোনো গলনাঙ্ক বা স্ফুটনাঙ্ক থাকে না।

৬. পলিমারের গলনাঙ্ক ধাতু বা সিরামিকের তুলনায় অনেক কম। পলিমারের গলনাঙ্ক সাধারণত $100° - 300°C$ এর মধ্যে হয়ে থাকে। অল্প তাপশক্তি খরচ করে পণ্য উৎপাদন করা যায়।

৭. পলিমার দ্রবণের সান্দ্রতা উচ্চমানের হয়ে থাকে।

পলিমার সম্পর্কে মৌলিক কিছু তথ্য

যে সকল যৌগের অণুতে অপেক্ষাকৃত ক্ষুদ্রতর এক অথবা দুটি যৌগের অসংখ্য অণু পরস্পরের সঙ্গে কেবল সমযোজী বন্ধনের মাধ্যমে যুক্ত থাকে, তাদেরকেই পলিমার বলে।

পলিমারের ছোট একক অণুকে মনোমার (monomer) বলে। পলিমার হলো খুবই বড় অণু বা ম্যাক্রো অণু (macro molecule).

গ্রিক শব্দ 'পলি (poly) অর্থ বহু এবং মেরোস (meros) অর্থ 'অংশ' অর্থাৎ অসংখ্য ছোট জৈব অণু সমযোজী বন্ধনে যুক্ত হয়ে কার্বন শিকল বৃদ্ধি সহকারে পলিমার অণু সৃষ্টি করে।

যে প্রক্রিয়ায় পলিমার গঠিত হয় তাকে পলিমারকরণ বা polymerization বলে।

সব ম্যাক্রো অণু আবার পলিমার নয়। যেমন- প্রোটিন, হীরক, ক্যারোটিন, ক্লোরোফিল, ভিটামিন, সিলিকা, নিউক্লিক এসিড, কোলেস্টেরল ম্যাক্রো অণু কিন্তু পলিমার নয়, কারণ এদের গঠন কাঠামোতে কোনো সুনির্দিষ্ট একক গঠনের পুনরাবৃত্তি থাকে না।

পলিমারের শ্রেণিবিভাগ



মনোমারের কার্যকরী মূলকের ভিত্তিতে পলিমারের শ্রেণিবিভাগ

মনোমারের কার্যকরী মূলকের ভিত্তিতে পলিমার সমূহকে প্রধানত দুই শ্রেণিতে বিভক্ত করা যায়।

১

সংযোজন বা যুত পলিমার:

কার্বন-কার্বন দ্বিবন্ধন বা ত্রিবন্ধনযুক্ত অসম্পৃক্ত জৈব যৌগের চেইন পলিমারকরণে যুত পলিমার সৃষ্টি হয়।

যুত পলিমারকরণে কোনো প্রকার ক্ষুদ্র অণু অপসারিত হয় না।

পলিমারের আণবিক ভর মনোমারের আণবিক ভরের পূর্ণ গুণিতক হয়।

যেমনঃ পলিইথিলিন, পলিপ্রোপিলিন, পলিভিনাইল ক্লোরাইড (PVC), পলিস্টারিন, বেনজিন ইত্যাদি।

২

ঘনীভবন বা কনডেনসেশন পলিমার:

দুই বা দুইয়ের বেশি কার্যকরী মূলক যুক্ত মনোমার অণু বিক্রিয়াকালে পানি অণু অপসারণ করে হেটারো পরমাণু (N ও O) যুক্ত কার্বন শিকল বৃদ্ধি করে সৃষ্ট পলিমারকে ঘনীভবন পলিমার বলে।

অনেক ঘনীভবন পলিমার হলো কো-পলিমার (Co. polymer) অর্থাৎ এদের শিকলে দুই বা ততোধিক ভিন্ন এককের পুনরাবৃত্তি ঘটে। যেমন: **পলি এস্টার (ডেক্রন), পলি-অ্যামাইড (নাইলন) ইত্যাদি।**

সংযোজন পলিমারকরণ বিক্রিয়া

সংযোজন পলিমারকরণ বিক্রিয়াকে নিচের সাধারণ সমীকরণ দ্বারা প্রকাশ করা হয়।



এখানে প্রতিস্থাপক Z দ্বারা $C, Cl, -CH_3 - \mathrm{OH}$, $- C_6H_5$ ইত্যাদি পরমাণু বা মূলক বোঝায়।

অ্যালকিন সংযোজন পলিমার ও এদের ব্যবহার

প্রতিস্থাপক Z	মনোমার	পলিমার	পলিমারের ব্যবহার
$Z = H$	$H_2C = CH_2$	পলিইথিলিন	প্লাস্টিক ব্যাগ, বোতল, খেলনা
$Z = F$ (৪টি)	$F_2C = CF_2$	পলি টেট্রাফ্লোরো ইথিলিন	রান্নার সরঞ্জাম যেমন: টেফলন
$Z = -CH_3$	$CH_2 = \underset{\displaystyle CH_3}{\underset{\vert}{CH}}$	পলি প্রোপিলিন	ঘরের মেঝের কার্পেটিং, বোতল
$Z = Cl$	$H_2C = CHCl$	পলি ভিনাইল ক্লোরাইড (PVC)	প্লাস্টিকের মোড়ক, বাগানের পানির পাইপ, ঘরে ব্যবহৃত রজ্জুর।

অ্যালকিন সংযোজন পলিমার ও এদের ব্যবহার

প্রতিস্থাপক Z	মনোমার	পলিমার	পলিমারের ব্যবহার
$Z = -C_6H_5$	$H_2C = CHC_6H_5$	পলিস্টাইরিন	ফার্নিচার, প্যাকেজিং, টেলিভিশন ক্যাবিনেট
$Z = -CN$	$H_2C = CHCN$	পলি অ্যাক্রাইলো নাইট্রাইল	রজ্জু, ফেব্রিক, কৃত্রিম চুল
$Z = -COCH_3$	$H_2C = CH - \overset{\overset{O}{\|\|}}{C} - CH_3$	পলি ভিনাইল ক্লোরাইড (PVC)	আঠা বা গ্লু, পেইন্টস, কোর্ট তৈরির কাপড়, কম্পিউটার ডিস্ক।

থার্মোপ্লাস্টিক ও থার্মোসেট প্লাস্টিক

থার্মোপ্লাস্টিকগুলো তাপ প্রয়োগে নরম ও গলে যায় এবং শীতল করলে পুনরায় পূর্বের মতো কঠিন হয় , এ প্রক্রিয়া পুনঃপুনঃ করা যায়। এরা গঠনে সরল শিকল পলিমার। যেমন: **পলিথিন, পলিস্টাইরিন প্লাস্টিক।**

আবার থার্মোসেট প্লাস্টিকগুলো প্রস্তুতকালে প্রথমবারের মতো তরল থেকে শীতল করে কঠিন করা যায়। পুনরায় গলানো যায় না। এরা গঠনে ক্রস-লিংক জটিল পলিমার। যেমনঃ-**ব্যাকেলাইট, মেলামাইন ইত্যাদি।** বিদ্যুৎ ও তাপ অপরিবাহী বস্তুরূপে এরা বৈদ্যুতিক যন্ত্রপাতির ফিটিংস্ ও সসপ্যানের হাতল তৈরিতে ব্যবহৃত হয়।

ব্যাকেলাইট

এটি ফেনল-মিথ্যান্যাল পলিমার। ফেনল ও মিথান্যালের মিশ্রণকে **(1 : 2) ক্ষার**, দ্রবণের উপস্থিতিতে ঘনীকরণ প্রক্রিয়ায় **পানির অপসারণের** মাধ্যমে প্রথমে ছোট পলিমার সৃষ্টি হয়। এ ছোট পলিমারকে উত্তপ্ত করে ব্যাকেলাইট নামক **কঠিন, অদ্রবণীয় ও অত্যন্ত সুদৃঢ় থার্মোসেটিং প্লাস্টিক** ব্যাকেলাইট প্লাস্টিক উৎপন্ন হয়।

ব্যাকেলাইট খুবই শক্ত ও সুদৃঢ় পলিমার।

এর থেকে বৈদ্যুতিক সুইচ, চিরুনি, বৈদ্যুতিক যন্ত্রপাতির হাতল, কলমের বডি প্রস্তুত করা হয়ে থাকে।

ব্যাকেলাইটের নিম্ন পলিমার নরম বিধায় একে বার্নিসের কাজে ব্যবহার করা হয়।

মেলামাইন

প্রভাবক TiO_2 এর উপস্থিতিতে ইউরিয়া বা কার্বামাইডকে উত্তপ্ত করলে মেলামাইন উৎপন্ন হয়। মেলামাইন হলো একটি পলি অ্যামাইড ক্রসলিংক থার্মোসেটিং পলিমার।

$$3NH_2 - \overset{\overset{O}{\|}}{C} - NH_2 \xrightarrow[\text{তাপ}]{TiO_2}$$



(মেলামাইন)

মেলামাইনের ব্যবহার

প্রতিদিনের ব্যবহার্য কাপ, প্লেট, বাটি ইত্যাদি কোকারিজ প্রস্তুত করতে এর ব্যবহার খুবই ব্যাপক।

আগুনরোধী কাপড় প্রস্তুতিতে এর ব্যবহার আছে।

এর থেকে মেলাডুর প্রস্তুত করা হয়।

মেলামাইনের একটি ক্ষতিকর ব্যবহারও আছে। অসাধু জনসাধারণ মেলামাইনকে বেবি মিল্কের সাথে ভেজাল হিসেবে মিশ্রিত করে থাকে। ফলে এটি শরীরে প্রবেশ করে কিডনিতে পাথর সৃষ্টি করে। এটি থেকে উৎপন্ন সায়ানো ইউরিক এসিড কিডনিকে নষ্ট করে দেয়।

নাইলন-6:6

এটি তন্তুময় সাংশ্লেষণিক পলিঅ্যামাইড।

এর **গলনাঙ্ক** $263°C$।

নাইলন-6:6 বিভিন্ন সিনথেটিক বস্ত্র উৎপাদনের কাঁচামাল।

ডেক্রোন (Dacron)

জনপ্রিয় পলিএস্টার সুতা ডেক্রোন (যুক্তরাষ্ট্রে) বা টেরিলিন (Terylene) ডাইকার্বক্সিলিক টেরিথ্যালিক এসিড ও ইথিনিল গ্লাইকল এসিড প্রভাবকের উপস্থিতিতে প্রস্তুত করা হয়। এ পলিএস্টার থেকে মাইলার নামে প্লাস্টিক ফিল্ম ও রেকর্ডিং টেপ তৈরি করা হয়।

ডেক্রোন বা টেরিলিনের ব্যবহার

ডেক্রোন বা টেরিলিনের ব্যবহার: ডেক্রোন বা টেরিলিনের কৃত্রিম সুতাকে প্রাকৃতিক সুতা যেমন, কার্পাস তুলার সুতার সাথে (80 : 20 অনুপাত, 60 : 40) মিশিয়ে কাপড় উৎপাদন করা হয়। এভাবে প্রস্তুত করা ব্লেন্ডিং সুতার কাপড় 100% কার্পাস তুলার সুতার কাপড়ের মতো আরামদায়ক হয়। টেরিলিন থেকে সোয়েটার, মোজা, সার্টিং কাপড়, শাড়ি ইত্যাদি বিভিন্ন প্রকারের কাপড় প্রস্তুত করা হয়। এছাড়া প্লাস্টিক ফিল্ম ও রেকর্ডিং টেপ টেরিলিন থেকে তৈরি করা হয়।

D –গ্লুকোজ

কোনো পদার্থের অণুর এক একটি নির্দিষ্ট ত্রিমাত্রিক বিন্যাসকে কনফিগারেশন বলে। গ্লুকোজের ত্রিমাত্রিক বিন্যাসে ভিন্নতার কারণে দুটি কনফিগারেশন জনিত সমাণু সৃষ্ট হয়। যথাঃ $D-$ গ্লুকোজ ও $L-$ গ্লুকোজ। গ্লুকোজের মুক্ত শিকল গঠনের ৫নং কার্বনে যখন $-OH$ মূলক ডান দিকে থাকে তখন ঐ গ্লুকোজকে D –গ্লুকোজ এবং বামদিকে OH

মূলক থাকলে সেটিকে L –গ্লুকোজ বলা হয়। এটা একটি কনফিগারেশনাল নামকরণ।



D –গ্লুকোজ **L –গ্লুকোজ**

গ্লাইকোসাইড বন্ধন

একটি গ্লুকোজ অণুর $C-1$ এর $-OH$ মূলকের সাথে অপর একটি গ্লুকোজ অণুর $C-4$ এর $-OH$ মূলকের সংযোগের ফলে এক অণু পানি অপসারণের মাধ্যমে উভয় গ্লুকোজ অণুর মধ্যে যে রাসায়নিক বন্ধন গঠিত হয় তাকে **'গ্লাইকোসাইড বন্ধন'** বলা হয়। **দুই অণু ফ্রুক্টোজের মধ্যে এরূপ বন্ধনকে 'ফ্রুক্টোসাইড' বন্ধন বলা হয়।** সাধারণভাবে দুই অণু মনোস্যাকারাইডের মধ্যে এরূপ বন্ধনকে গ্লাইকোসাইড বন্ধন বলা হয়। যেমনঃ দুই অণু $\alpha-D$ গ্লুকোজ যুক্ত হয়ে মল্টোজ গঠিত হয়। এটি একটি ডাইস্যাকারাইড।

পেপটাইড বন্ধন

দুটি অ্যামাইনো এসিডের মধ্যে এক অণু পানির অপসারণে একটি পেপটাইড লিঙ্ক গঠিত হয়। এতে একটি অ্যামাইনো এসিডের অ্যামাইনো মূলক ও অপরটির কার্বক্সিল মূলক জড়িত হয়।

উদাহরণ: দুই অণু গ্লাইসিন যুক্ত হয়ে ডাইপেপটাইড গঠিত হয়, তাকে গ্লাইসিল গ্লাইসিন $(gly - gly)$ বলে।

$$H_2N - CH_2COOH + H_2N - CH_2 - COOH \xrightarrow{-H_2O} H_2N - CH_2 - CO - NH - CH_2 - COOH$$

দুটি অ্যামাইনো এসিড অণু পেপটাইড বন্ধন দ্বারা যুক্ত হয়ে ডাইপেপটাইড যৌগ হয়, আর তিনটি অ্যামাইনো এসিড অণু পেপটাইড বন্ধন দ্বারা যুক্ত হয়ে ট্রাইপেপটাইড যৌগ হয়। এরূপে অসংখ্য অ্যামাইনো এসিড পেপটাইড বন্ধন দ্বারা যুক্ত হয়ে পলিপেপটাইড চেইন বা প্রোটিন গঠিত হয়।

বিভিন্ন প্রকার অ্যামাইনো এসিড

অপোলার: গ্লাইসিন, এলানিন, ভ্যালিন, লিউসিন, আইসোলিউসিন, মিথিয়োনিন, প্রোলিন।

পোলার: সিরিন, সিস্টিন, থ্রিয়োনিন।

অ্যারোমেটিক: ফিনাইল এলানিন, টাইরোসিন, ট্রিপটোফেন।

ক্ষারীয়: হিস্টিডিন, লাইসিন, আরজিনিন, গ্লুটামিক এসিড, এসপ্যারাজিন, গ্লুটামিন।

জুইটার আয়ন

অ্যামাইনো এসিড অণুতে পরস্পরবিরোধী এসিড মূলক (যেমন- $COOH$) ও ক্ষারক মূলক (যেমন- NH_2) যুক্ত থাকায় তারা উভধর্মী। এ দ্বৈতধর্মী অ্যামাইনো এসিড জলীয় দ্রবণে এর কার্বক্সিল মূলক ($-COOH$) থেকে একটি প্রোটন ছেড়ে দিলে, তা ক্ষারধর্মী অ্যামিনো ($-NH_2$) মূলক গ্রহণ করে অন্তঃঅম্ল-ক্ষার বিক্রিয়া দ্বারা আন্তঃলবণ গঠন করে। তখন একই অণুতে ধনাত্মক ও ঋণাত্মক বিদ্যুৎ চার্জ বিরাজ করে, এরূপ দ্বৈতধর্মী আয়নকে জুইটার আয়ন বলা হয়।

[*Zwitter ion both kinds*]



১. নেসলার বিকারক

পটাশিয়াম মারকিউরিক আয়োডাইডের ক্ষারীয় দ্রবণকে নেসলার বিকারক বলা হয়। এটি বর্ণহীন। এর কার্যকরী উপাদান $K_2[HgI_4]$। শনাক্তকরণে NH_3 ব্যবহৃত হয়।

২. গ্রিগনার্ড বিকারক

অ্যালকাইল বা অ্যারাইল ম্যাগনেশিয়াম হ্যালাইডকে গ্রিগনার্ড বিকারক বলা হয়। যেমন- $CH_3 - Mg - I$
ব্যবহার: অ্যালকেন, অ্যালকোহল, অ্যালডিহাইড ইত্যাদি জৈব যৌগ সংশ্লেষণে বহুল ব্যবহৃত হয়।

৩. টলেন বিকারক

$Ag(NH_3)_2OH$ এর দ্রবণ-($NH_40H/AgNO_3$)
ব্যবহার: অ্যালডিহাইড শনাক্তকরণে ব্যবহৃত হয়।

৪. সোয়েটজার বিকারক

$[Cu(NH_3)_4](OH)_2$, এর দ্রবণ। ইহার বর্ণ নীল। কোনো কোনো লেখকের মতে $[Cu(NH_3)_4]SO_4$ এর গাঢ় নীল বর্ণের দ্রবণকেও সোয়েটজার বিকারক বলা হয়।

ব্যবহার: কৃত্রিম রেশম উৎপাদনে এবং কাগজ, তুলা প্রভৃতির দ্রাবক হিসেবে ব্যবহৃত হয়।

৫. লুকাস বিকারক

গাঢ় HCl এ অনার্দ্র $ZnCl_2$ এর দ্রবণকে লুকাস বিকারক বলা হয়।

ব্যবহার: প্রাইমারি, সেকেন্ডারি ও টারশিয়ারি অ্যালকোহল শনাক্তকরণে ব্যবহৃত হয়।

৬. সিফস বিকারক:

ম্যাজেন্টার গোলাপি দ্রবণে SO_2 চালনা করলে যে বর্ণহীন দ্রবণ পাওয়া যায় তাহাকে সিফ্স বিকারক বলা হয়।

ব্যবহার: অ্যালডিহাইড শনাক্তকরণে ব্যবহৃত হয়।

৭. ফেহলিং দ্রবণ বা বিকারক

[$CuSO_4$এর জলীয় দ্রবণ + $NaOOC-(CHOH)_2-COOK.H_2O$ (রোচিলি দ্রবণ)]

বর্ণ নীল। অ্যালডিহাইড শনাক্তকরণে ব্যবহৃত হয়।

৮. অ্যাসাইলেটিং বিকারক

$CH_3 - COCl$

৯. বেয়ার বিকারক

ক্ষারীয় $KMnO_4$ দ্রবণ

জৈব যৌগের কার্যকরী মূলক শনাক্তকরণ

কার্যকরী মূলক	শনাক্তকারী বিকারক	পর্যবেক্ষণ
১. অ্যালকিন $(C = C)$ অ্যালকাইন $(C \equiv C)$	(i) $Br_2(CCl_4)$ দ্রবণ (ii) ক্ষারীয় $KMnO_4$ দ্রবণ	(i) ব্রোমিনের লাল বর্ণ দূর হয় (ii) $KMnO_4$ এর বেগুনি বর্ণ দূর হয়।

কার্যকরী মূলক	শনাক্তকারী বিকারক	পর্যবেক্ষণ
২. অ্যালকাইন-I $(-C \equiv C - H)$	(i) $AgNO_3 + NH_4OH$ দ্রবণ (ii) $Cu_2Cl_2 + NH_4OH$	(i) সিলভার অ্যালকাইনাইডের সাদা অধঃক্ষেপ পড়ে (ii) কপার অ্যালকাইনাইডের লাল অধঃক্ষেপ পড়ে
৩. অ্যালকোহল $(-OH)R - OH$	(i) সোডিয়াম ধাতু (Na) (ii) PCl_5	(i) H_2 গ্যাস বের হয়; যা অগ্নি সংযোগে নীল শিখাসহ জ্বলে (ii) HCl গ্যাস বের হয়; যা NH_4OH এর সাথে NH_4Cl এর সাথে সাদা ধোঁয়া সৃষ্টি করে।

কার্যকরী মূলক	সনাক্তকারী বিকারক	পর্যবেক্ষণ
৪.হ্যালোঅ্যালকেন $(R-X)$	$Na + \Delta$ দ্রবণ $+ AgNO_3$	AgX এর অধঃক্ষেপ
৫. অ্যালডিহাইড $(-CHO)$ ও কিটোন $(-CO-)$	ডাই নাইট্রোফিনাইল হাইড্রাজিন	কমলা-লাল বা হলুদ বর্ণের অধঃক্ষেপ
৬. শুধু অ্যালডিহাইড $(-CHO)$	(i) $AgNO_3 + NH_4OH$ দ্রবণ (ii) ফেহলিং দ্রবণ।	(i) সিলভার দর্পণ সৃষ্টি করে (ii) Cu_2O এর লাল অধঃক্ষেপ
৭. কার্বক্সিলিক এসিড $(-COOH)$	5% $NaHCO_3$ দ্রবণ	CO_2 এর বুদবুদ বের হয়
৮. এসিড হ্যালাইড $(RCOCl)$	$i)$ H_20 + **নীল লিটমাস** (ii) $H_2O + AgNO_3$**দ্রবণ**	$i)$ লাল বর্ণ ধারণ (ii) AgX. এর অধঃক্ষেপ।
৯. এসিড অ্যামাইড $(RCONH_2)$	$i.20\% NaOH, \Delta$ (ii) $NaNO_2 + HCl$	(i) NH_3গ্যাসের গন্ধ (ii) N_2 গ্যাসের বুদবুদ

কার্যকরী মূলক	শনাক্তকারী বিকারক	পর্যবেক্ষণ
১০. অ্যালকেন নাইট্রাইল $(R-CN)$	$(i) Na, C_2H_5OH$ $(ii)\ NaNO_2 + HCl$	N_2 গ্যাসের বুদবুদ
১১. অ্যালকাইন অ্যামিন $(R-NH_2)$	$(i)\ CHCl_3 + alc, NaOH$	উগ্র দুর্গন্ধযুক্ত কার্বিল অ্যামিন।
১২. 1° অ্যারোমেটিক অ্যামিন $(ArNH_2)$	$(i) HCl + NaNO_2$ $(ii)\ NaOH +$ β ন্যাফথল	$(i)\ N_2$ গ্যাস বুদবুদসহ বের হয় (ii) লাল রঞ্জক উৎপন্ন হয়।

বিভিন্ন বন্ধন ধারা IR শোষণ ফ্রিকোয়েন্সি (cm^{-1})

বন্ধন	শ্রেণি	ফ্রিকোয়েন্সি (cm^{-1})
$-\overset{\overset{O}{\|}}{C}-H$	অ্যালডিহাইড	2700 – 2900
$C-C$	অ্যালকেন	600 – 1500
$C=C$	অ্যালকিন	1630 – 1690
$C-C$	অ্যারিন	1450 – 1600
$C\equiv C$	অ্যালকাইন	2100 – 2260
$C=O$	এসিড ক্লোরাইড	1710 – 1815
$C=O$	অ্যানহাইড্রাইড	1800 – 1870
$C=O$	কার্বনিল (যৌগ), এসিড, এস্টারে	1700 – 1750
$C=O$	কিটোনে	1050 – 1300

বন্ধন	শ্রেণি	ফ্রিকোয়েন্সি (cm^1)
$C = O$	অ্যামাইডে	$1630 - 1690$
$O - H$	অ্যালকোহল ফেনল (একক অণু)	$3600 - 3640$
$O - H$	অ্যালকোহল, ফেনল (H-বন্ধনে)	$3200 - 3400$
$O - H$	কার্বক্সিলিক এসিড	$2500 - 3000$

স্কুলের প্রথম দিনটা আর শেষ দিনটি
একই ছিল, চোখে জল ফেলেছিলাম
দুই দিনই কিন্তু কারণটা ছিল
একেবারে আলাদা।
একটা যাবার আনন্দ; আরেকটি
বিদায়ের ব্যাথা।

— সংগৃহিত

৩য় অধ্যায়

পরিমানগত রসায়ন



এই চ্যাপ্টারের ব্যাখ্যামূলক ভিডিও
পেতে স্ক্যান করো

https://10ms.io/Pche203

অ্যাভোগেড্রোর প্রকল্প, মোলের ধারণা ও মোলের আয়তন

অ্যাভোগেড্রোর প্রকল্প অনুসারে একই তাপমাত্রা ও চাপে সমআয়তন সকল গ্যাসে সমসংখ্যক অণু থাকে। এই অণুর সংখ্যা নির্দিষ্ট যা $\mathbf{6.023 \times 10^{23}}$ **টি**। একে অ্যাভোগেড্রোর সংখ্যা বলে।

অর্থাৎ অ্যাভোগেড্রোর সংখ্যা, $\mathbf{N_A = 6.023 \times 10^{23}}$

মোলঃ কার্বন স্কেল অনুসারে, $\mathbf{12g}$ কার্বনে $\mathbf{6.023 \times 10^{23}}$ **টি** পরমাণু থাকে, কোনো উপাদানের যত গ্রাম ভরে ঐ সমসংখ্যক অণু/পরমাণু/আয়ন থাকে, তত গ্রাম ভরকে ঐ পদার্থের এক মোল বলা হয়। মোলকে গ্রাম আণবিক ভর বা গ্রাম অণু বা গ্রাম পরমাণু বা গ্রাম আয়ন বলা হয়।

n = মোল সংখ্যা , মোল সংখ্যা হতে আমরা জানি $n = \frac{W}{M} = \frac{PV}{RT} = \frac{X}{N_A} = \frac{V}{22.4} = VS$

R	⟶	মোলার গ্যাস ধ্রুবক
T	⟶	তাপমাত্রা [সব সময় কেলভিন (K) এককে]
P	⟶	চাপ
S	⟶	ঘনমাত্রা
V	⟶	আয়তন (লিটার)
N_A	⟶	অ্যাভোগেড্রোর সংখ্যা(6.023×10^{23})
X	⟶	যে কোনো সংখ্যা
M	⟶	আণবিক ভর
W	⟶	ভর

অ্যাভোগাড্রোর সংখ্যা ও গ্যাসের মোলার আয়তন থেকে নিম্নোক্ত গাণিতিক সম্পর্ক পাওয়া যায়

১. এক মোল অণু = এক গ্রাম আণবিক ভর
$= 6.022 \times 10^{23}$ টি অণু $= 22.4$L. গ্যাস (STP-তে)

২. পদার্থের একটি অণুর ভর $= \frac{\text{পদার্থের গ্রাম আণবিক ভর}}{6.022 \times 10^{23}}$ g

৩. এক গ্রাম পদার্থে অণুর সংখ্যা $= \frac{6.022 \times 10^{23}}{\text{পদার্থের গ্রাম আণবিক ভর}}$ টি

৪. এক গ্রাম গ্যাসের আয়তন (STP-তে) $= \frac{22.4\text{L}}{\text{গ্যাসের গ্রাম আণবিক ভর}}$ L

৫. গ্যাসের একটি অণুর দখলকৃত আয়তন (STP-তে)$= \frac{22.4}{6.022 \times 10^{23}}$L

৬. প্রমাণ অবস্থায় 1L গ্যাসে অণুর সংখ্যা $= \frac{6.022 \times 10^{23}}{22.4}$ টি

৭. মৌলের একটি পরমাণুর ভর $= \frac{\text{গ্রাম পারমাণবিক ভর}}{6.022 \times 10^{23}}$ g

শতকরা সংযুক্তি বা শতক প্রতি পরিমাণ

$$\text{শতকরা সংযুক্তি} = \frac{\text{প্রদত্ত মৌল বা যৌগের আণবিক ভর}}{\text{মোট আণবিক ভর}} \times 100$$

আণবিক ভর ও বাষ্প ঘনত্বের সম্পর্কঃ

$$\text{গ্যাসের আণবিক ভর}(M) = 2 \times \text{বাষ্প ঘনত্ব } (D)$$

$$\therefore M = 2D$$

দ্রবণের শক্তিমাত্রা বা ঘনমাত্রার এককসমূহ

দ্রবণের শক্তিমাত্রা বা ঘনমাত্রা প্রকাশের জন্য কতগুলো একক ব্যবহার করা হয়।

i. **মোলার ঘনমাত্রা/মোলারিটি**
ii. **মোলাল ঘনমাত্রা/মোলালিটি**
iii. **নরমাল ঘনমাত্রা/নরমালিটি**
iv. **শতকরা হার (%)**
v. **মোল ভগ্নাংশ/মোলাংশ**

উল্লেখ্য, **pH** ও একটি দ্রবণের ঘনমাত্রার একক। তবে- ইহা দ্রবণে কেবল H^+ এর ঘনমাত্রা প্রকাশের একক। এই এককগুলোর মধ্যে মোলারিটি সবচেয়ে বেশি প্রচলিত।

মোলাল দ্রবণ

প্রতি ১,০০০ গ্রাম বা ১ কেজি দ্রাবকের মধ্যে কোনো দ্রবের ১ গ্রাম মোল দ্রবীভূত থাকলে ঐ দ্রবণকে সংশ্লিষ্ট দ্রবের **মোলাল দ্রবণ** বলে।

মোলালিটি

